সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

দ্বাদশ শ্রেণির প্রাক-নির্বাচনী পরীক্ষা-২০২০

বিষয়: ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

সময়: ২ ঘন্টা ৩০ মিনিট　　　　সৃজনশীল প্রশ্ন　　　　পূর্ণমান: ৭০

[দ্রষ্টব্য: ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং যে কোন সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১। নাছিমা বেগম আঞ্চলিক কৃষি অফিস থেকে মৌচাষের প্রশিক্ষণ নেন। তিনি ৫০,০০০/- টাকা মূলধন যোগাড় করে আধুনিক পদ্ধতিতে মৌচাষ করে উৎপাদিত মধু "শেফা মধু" নামে বাজারজাত করেন। গুণগত মান উন্নত হওয়ায় অল্পদিনেই তার "শেফা মধু" জনপ্রিয়তা লাভ করে এবং তিনি প্রচুর মুনাফা অর্জন করেন। তা দেখে প্রতিবেশী রহিমা হুবহু নকল করে একই নামে মধু বাজারজাত করেন। ফলে নাছিমা বেগমের "শেফা মধু"র বিক্রি কমে যায় এবং তিনি আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হন। নাছিমা বেগম আইনের আশ্রয় নিয়েও কোন প্রতিকার পেলেন না।

ক) আত্মকর্মসংস্থান কী? ১

খ) কপিরাইট বলতে কী বুঝ? ২

গ) উদ্দীপকে বর্ণিত নাছিমা বেগম কি একজন উদ্যোক্তা? ব্যাখ্যা কর। ৩

ঘ) নাছিমা বেগমের আইনগত প্রতিকার না পাওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২। কোহিনূর বেগম ২০১১ সাল থেকে ব্র্যাক থেকে নকশি কাঁথার উপর প্রশিক্ষণ নিয়ে ব্যবসায় শুরু করেন। ২০১৫ সালে চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলায় দুজন ইউরোপীয় ক্রেতা তার পণ্য দেখে মুগ্ধ হন এবং পাঁচ হাজার পিস পণ্যের অর্ডার দেন। কিন্তু প্রয়োজনীয় জামানতের অভাবে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কাছ থেকে ঋণ সুবিধা না পেয়ে চিন্তিত হয়ে পড়েছিলেন। স্থানীয় সোনালী ব্যাংকে যোগাযোগ করলে তারা কোহিনূরের প্রস্তাবে সন্তুষ্ট হয়ে একটি বিশেষ ফাউন্ডেশনের আওতায় দশ লক্ষ টাকা জামানত বিহীন এক ধরনের ঋণ মঞ্জুর করেন। এ ঋণ পেয়ে তিনি যথাসময়ে ইউরোপে পণ্য রপ্তানী করেন এবং প্রচুর মুনাফা অর্জন করেন।

ক) বিশ্ব বাণিজ্য সংস্থা কী? ১

খ) রপ্তানী উন্নয়ন ব্যুরোর প্রধান উদ্দেশ্য কী? ২

গ) কোহিনূর বেগম ব্যবসায় শুরু করার সময় কী ধরনের সহায়তা পেয়েছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত আর্থিক সংকট উত্তরণে কোহিনূরকে প্রদত্ত বিশেষ ধরনের ঋণের ভূমিকা মূল্যায়ন কর। ৪

৩। জনাব রহিম একটি রেস্টুরেন্ট দেয়ার চিন্তা করছেন। কিন্তু বর্তমান বাজারে ব্যবসায়টি চ্যালেঞ্জিং হওয়ায় তিনি সিদ্ধান্ত নিতে ইতস্তত করছিলেন। তাঁর কয়েকজন বন্ধু তাঁকে সহায়তার আশ্বাস দিলে তিনি রেস্টুরেন্টটির কাজ শুরু করেন। বছরখানেক পর রেস্টুরেন্টটি সম্প্রসারণের জন্য নগদ অর্থের প্রয়োজন হলে তাঁর বন্ধু জাহেদ MIDAS থেকে চড়া সুদে ৮ মাসের জন্য ৫০,০০০/- টাকা ঋণের ব্যবস্থা করে দেন। এতে তাঁর সাময়িক অর্থ সংকট দূর হয়। কিন্তু প্রতিযোগিতামূলক বাজারে সাফল্যের সাথে টিকে থাকার জন্য এখন তিনি সহজ শর্তে বিকল্প অর্থসংস্থানের উপায় খুঁজছেন।

ক) প্যাটেন্ট কী? ১

খ) বিমা বলতে কী বুঝায়? ২

গ) জনাব রহিমকে তাঁর বন্ধুরা কোন ধরনের সহযোগিতা প্রদান করেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) ভবিষ্যতে বাজারে সফলতার সাথে টিকে থাকার জন্য জনাব রহিমের করণীয় সম্পর্কে তোমার মতামত যুক্তিসহ উপস্থাপন কর। ৪

৪। জনাব রিপন পরিবহণ ব্যবসায়ী। গাড়ী থেকে কালো ধোঁয়া নির্গত হয়ে পরিবেশের ক্ষতি না করুক সেজন্য তিনি সচেতন। এ কারনেই তিনি সি.এন.জি গ্যাসে গাড়ী চালাচ্ছেন। রাস্তা-ঘাটে গাড়ী চালাতে প্রায়শই তিনি দুর্ঘটনার খবরে খুবই দুঃচিন্তায় থাকনে। ইদানিং তিনি এমন চুক্তি করেছেন যাতে তার গাড়ী ব্যবসায়ের ঝুঁকি কমেছে।

ক) পরিবেশ দূষণ কী? ১

খ) উদ্দীপনামূলক সেবা বলতে কী বুঝায়? ২

গ) উদ্দীপকের জনাব রিপন এর গৃহীত ব্যবসায় কোন ধরনের দূষণ হতে পরিবেশ সুরক্ষায় কাজ দেবে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের চুক্তি জনাব রিপনের ঝুঁকি কমাবে ও ব্যবসায়ের উন্নয়নে সহায়ক হবে-এ বক্তব্যের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৫। মিসেস মিনারা "শৈলী" নামে মেয়েদের একটি পোশাকের দোকান গত দশ বছর ধরে পরিচালনা করছেন। নিজেই ডিজাইন করে কারিগর দিয়ে পোশাকে বনিয়ে বিক্রি করেন। "শৈলী" নামে তাঁর পোশাক ইতোমধ্যে একটি বিশেষ ব্র্যান্ড হিসেবে পরিচিতি লাভ করেছে। তিনি ভালো ছবিও আঁকেন এবং তৈলচিত্রে সুনাম অর্জন করেছেন। কয়েকটি চিত্র দারুণ নন্দিত হওয়ায় তিনি এগুলোর আইনগত সুরক্ষার ব্যবস্থা করেছেন।

ক) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা কোন ধরনের সহায়ক সেবা প্রদান করে থাকে? ১

খ) উদ্যোক্তা সৃষ্টিতে সৃজনশীল মানসিকতা কেন গুরুত্বপূর্ণ? ২

গ) উদ্দীপকে বর্ণিত 'শৈলী' নামটি ব্যবসায়ের কোন আইনগত সুরক্ষার বিষয়বস্তু? ব্যাখ্যা কর। ৩

ঘ) অঙ্কিত ছবির আইনগত সুরক্ষায় মিসেস মিনারা কর্তৃক গৃহীত ব্যবস্থার যথার্থতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। ক্রমাগত লোকসানের কারনে আসাদ সাহেবের বাবা তার কাপড় কাঁচার সাবান তৈরির কারখানাটি বন্ধ করে দিতে চাচ্ছিলেন। আসাদ সাহেব এম.বি.এ পাশ করার জন্য ব্যবসায়ের দায়িত্ব নেন। তিনি বিসিকের সহায়তায় "বেসিক ব্যাংক" থেকে ঋণ নিয়ে আধুনিক যন্ত্রপাতি ক্রয় করেন। তিনি বিদ্যমান ও সম্ভাব্য বাজার পরিস্থিতি, প্রতিযোগী, ভোক্তাদের রুচি ও চাহিদা ইত্যাদি বিচার বিবেচনা করে উৎপাদন লক্ষ্যমাত্রা, উৎপাদন প্রক্রিয়া, সংগঠন কাঠামো এবং বাজারজাত কৌশল পুনর্বিন্যাস করেন। এতে তার পণ্য ভোক্তাদের কাছে দ্রুত জনপ্রিয়তা পায় এবং প্রতিষ্ঠানটি লাভজনক হয়ে

উঠে। আসাদ সাহেব মনে করেন শিক্ষিত তরুণ সমাজ যদি সরকারি ও বেসরকারি পৃষ্ঠপোষতা পায় তাহলে বেশ এগিয়ে যাবে এবং দেশে বেকারত্ব কমবে।

ক) ব্যবসায় উদ্যোগ কী? ১

খ) উদ্যোক্তা ব্যবস্থাপক থেকে ভিন্নতর কেন? ২

গ) আসাদ সাহেবের মধ্যে সকল উদ্যোক্তার কোন বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ) তুমি কি আসাদ সাহেবের বক্তব্যের সাথে একমত? উদ্দীপকের আলোকে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

খ-বিভাগ: ব্যবস্থাপনা

৭। জনাব মাহিন একজন আমদানীকারক। তিনি ২০,০০০ একক পণ্য দ্রুত পাঠানোর জন্য কম্পিউটার ব্যবহার করে ফরমায়েশ দেন এবং পরবর্তীতে এল.সি'র কপি স্ক্যান করে প্রেরণ করেন। রপ্তানীকারক পণ্য জাহাজে শিপমেন্ট করার খবর ও প্রয়োজনীয় কাগজপত্র জনাব মাহিন বরাবর পাঠান। জনাব মাহিন প্রয়োজনীয় দলিলসমূহ পণ্য খালাস ও পরবর্তী প্রয়োজনের জন্য সংরক্ষণ করেন।

ক) সমান্তরাল যোগাযোগ কী? ১

খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বলতে কী বুঝায়? ২

গ) জনাব মাহিম দ্রুত যোগাযোগের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যে মাধ্যম ব্যবহার করে তার ধরণ ব্যাখ্যা কর। ৩

ঘ) জনাব মাহিন শাব্দিক যোগাযোগের যে মাধ্যম ব্যবহার করে তাতে কারও পক্ষেই লেনদেন অস্বীকার করা সম্ভব হবে না। তুমি কি একমত? তোমার মতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৮। জনাব জারিফ একটি বৃহৎ টেক্সটাইল মিল এর মহাব্যবস্থাপক। তিনি বিভিন্ন বিভাগের প্রধানদের সাথে সভা করে সামনের বছরের প্রাতিষ্ঠানিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন এবং তার আলোকে বিভিন্ন বিভাগের বার্ষিক লক্ষ্যমাত্রা স্থির করে পরিকল্পনা প্রণয়ন করেন। অতঃপর তার আলোকে প্রত্যেক বিভাগ ত্রৈমাসিক পরিকল্পনা গ্রহণ করে কাজ শুরু করে। প্রতিমাসের শেষে বিভাগীয় প্রধানগণ একত্রে বসে প্রত্যেকের কাজের অগ্রগতি ও করণীয় নির্ধারণ করেন। বছর শেষে লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

ক) প্রেষণা কী? ১

খ) প্রেষণাকে কিভাবে অভাবের সাথে সম্পর্কযুক্ত? ব্যাখ্যা কর। ২

গ) ব্যবস্থাপনার কোন কাজটি দক্ষতার সাথে সম্পাদন করায় উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটির লক্ষ্যমাত্রা অর্জিত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ) কোন কোন নীতিমালার সফল প্রয়োগে উপর্যুক্ত ব্যবস্থাপকীয় কাজটি সফল হয়েছে? বিশ্লেষণ কর। ৪

৯। জনাব রহিম আর্থিকভাবে বেশ স্বচ্ছল এবং হাসি-খুশি প্রকৃতির মানুষ। তিনি একটি স্বনামধন্য প্রতিষ্ঠানে ভাল বেতনে উচ্চপদে কর্মরত। প্রতিষ্ঠান থেকে সম্মানজনক আচরণ তার প্রত্যাশা। প্রতিষ্ঠানে ভাল বেতন, যাতায়াত, ভাতা, চিকিৎসা ভাতা, বার্ষিক ভ্রমণ, ফ্যামিলি ডে ইত্যাদি সুবিধা রয়েছে। তবুও তার সহকর্মী দিদার এতে সন্তুষ্ট নন। তার ভাবনা রহিমের মত আর্থিক অবস্থা তার নেই, একটি বড় পরিবার তার উপর নির্ভরশীল, বাবা-মাকে টাকা পাঠাতে হয়, কিছু সঞ্চয়ও প্রয়োজন। তাই বেতন ছাড়াও বোনাস, ভবিষ্যত তহবিল, ঋণ সুবিধা ইত্যাদি থাকা উচিত বলে মনে করেন।

ক) হার্জবার্গের দ্বি-উপাদান তত্ত্ব কী? ১

খ) কার্যকর যোগাযোগে ফলাবর্তন কেন অপরিহার্য? ২

গ) জনাব রহিম কোন ধরনের প্রেষণা পদ্ধতিতে অধিক সন্তুষ্টিবোধ করেন? ৩

ঘ) মাসলোর চাহিদা সোপান তত্ত্ব অনুসারে জনাব রহিম ও জনাব দিদারের চাহিদা স্তর ভিন্ন-তুমি কী এ বক্তব্যের সাথে একমত? যুক্তি দাও। ৪

১০। ব্যাংকিং অভিজ্ঞতায় সমৃদ্ধ জনাব মোর্শেদ ৫ বছর পূর্বে মেঘনা ব্যাংকে প্রিন্সিপাল অফিসার হিসেবে যোগ দেন। কাজে সততা, নিষ্ঠা ও দক্ষতার কারনে ৩ বছরের মধ্যে তিনি সিনিয়র প্রিন্সিপাল অফিসার পদে পদোন্নতি পান। ইতোমধ্যে কর্তৃপক্ষ তাঁকে সম্মানজনক বেতন-ভাতা দেয়ার পাশাপাশি সার্বক্ষণিক ব্যবহারের জন্য একটি আধুনিক মডেলের গাড়িও দেয়। গত ডিসেম্বরে তিনি পরিবারসহ ভারতে বেড়াতে যান। প্রতিষ্ঠানের আকর্ষনীয় কাজের পরিবেশ, উর্ধ্বতন কর্মকর্তাসহ সকলের সহযোগিতা, সুনাম তাঁকে সবসময় আকৃষ্ট করে। প্রতিযোগী ব্যাংকের মোটা অংকের বেতনে যোগদানের প্রস্তাব তিনি ফিরিয়ে দিয়েছেন।

ক) সমন্বয় কী? ১

খ) সমন্বয়ের ভারসাম্য নীতি বলতে কী বুঝ? ২

গ) মেঘনা ব্যাংকে কোন ধরনের প্রেষণা পদ্ধতি প্রচলিত? ব্যাখ্যা কর। ৩

ঘ) জনাব মোর্শেদ চাহিদা সোপান তত্ত্ব অনুসারে কোন স্তরে আছেন উল্লেখপূর্বক মোটা অংকের বেতনে প্রতিযোগী ব্যাংকে যোগদানের প্রস্তাব প্রত্যাখ্যানের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১। ম্যাক্স গ্রুপের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব সাকিব লক্ষ্য করলেন, তার প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগ ও লোকবলের মধ্যে সামঞ্জস্য নেই। কোনো বিভাগে লোকবল বেশি, অথচ কাজ নেই। আবার কোণ বিভাগ কর্মভারগ্রস্থ অথচ পর্যাপ্ত লোকবল নেই। এক বিভাগ আরেক বিভাগকে এড়িয়ে চলে। ফলে প্রতিষ্ঠানে সমস্যা লেগেই আছে। জনাব সাকিব বিভাগের কাজ অনুযায়ী লোকবল পুনর্বিন্যাস করার সিদ্ধান্ত নেন। তিনি বিভাগীয় প্রধানদের সাথে সভা করেন। প্রত্যেক বিভাগীয় প্রধানকে অন্য বিভাগের সাথে যোগাযোগ রেখে দলীয় প্রচেষ্টা জোরদার করতে উৎসাহিত করেন।

ক) চাহিদা সোপান তত্ত্বের উদ্ভাবক কে? ১

খ) ব্যবস্থাপনার ক্ষেত্রে সমন্বয় অপরিহার্য কেন? ২

গ) উদ্দীপকের প্রতিষ্ঠানের সমন্বয়ের কোন নীতিকে উপেক্ষা কর হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) জনাব সাকিব কার্যকর সমন্বয়ের যে উদ্যোগ নিয়েছেন উদ্দীপকের আলোকে তার কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

দ্বাদশ শ্রেণির প্রাক-নির্বাচনী পরীক্ষা-২০২০

সময়: ৩০মিনিট বিষয়: ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা পূর্ণমান: ৩০

বহুনির্বাচনী অভীক্ষা

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

১। বাংলাদেশের কত সালের প্যাটেন্ট ও ডিজাইন আইন প্রচলিত?

ক) ১৯১১ খ) ১৯৯৪ গ) ২০১০ ঘ) ২০১১

২। নিচের কোনটি নিশ্চয়তার চুক্তি?

ক) নৌ বীমা খ) অগ্নিবীমা গ) যানবাহন বীমা ঘ) জীবন বীমা

* নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও:

'সিনারা বুটিকস' তার পণ্যের মোড়কে উপরের চিত্রটি ব্যবহার করে যা যথাযথ কর্তৃপক্ষের নিকট নিবন্ধিত। ভোক্তাদের কাছেও এটি খুব পরিচিত।

৩। উদ্দীপকে বর্ণিত চিত্রটি নিচের কোন ধারণার সাথে সম্পর্কিত?

ক) ট্রেডমার্ক খ) প্যাটেন্ট গ) কপিরাইট ঘ) আই.এস.ও

৪। চিত্রটি ব্যবহারের ফলে ক্রেতাদের প্রধান সুবিধা কী?

ক) সহজেই ক্রয় সিদ্ধান্ত নিতে পারে

খ) অদৃশ্যমান মূল্যবান সম্পদের অধিকারী

গ) পণ্যটি দ্রুত বাজারে পরিচিতি লাভ করে

ঘ) সহজেই খারাপ পণ্য সনাক্ত করতে পারে

৫। কর অবকাশ কোন ধরনের সহায়তা?

ক) উদ্দীপনামূলক খ) সংরক্ষণমূলক গ) সমর্থনমূলক ঘ) পরামর্শমূলক

৬। SME-এর পূর্ণরূপ কী?

ক) Small and Medium Enterprise

খ) Small and Medium Exporter

গ) Social Marketing Enterprise

ঘ) Small and Medium Entrepreneur

* নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও:

জনাব রিপন এলাকায় পোল্ট্রি, ডেইরি ইত্যাদি ফার্ম গড়ে উঠায় পশুখাদ্যসহ বিভিন্ন পণ্যের ব্যবসায় গড়ে তোলেন। ইতোমধ্যে তাঁর ব্যবসায় বেশ সম্প্রসারিত হওয়ায় বাড়তি মূলধন প্রয়োজন।

৭। জনাব রিপনের কোন ধরনের সহায়ক সেবার প্রয়োজন?

ক) উন্নয়নমূলক খ) উদ্দীপনামূলক গ) সমর্থনমূলক ঘ) সংরক্ষণমূলক

৮। জনাব রিপনের মূলধন সংগ্রহের ক্ষেত্রে কোন উৎস সর্বোত্তম হতে পারে?

ক) বাণিজ্যিক ব্যাংক খ) কর্মসংস্থান ব্যাংক গ) বেসরকারী সংস্থা ঘ) বিসিক

৯। সফল উদ্যোক্তার প্রধান গুণ কোনটি?

ক) যোগাযোগ দক্ষতা খ) সৃজনশীল মানসিকতা

গ) ঝুঁকি গ্রহণের মানসিকতা ঘ) দূরদৃষ্টি

১০। নিচের কোন কারনে একজন ব্যবস্থাপক থেকে একজন উদ্যোক্তা ভিন্নতর?

ক) উদ্যোক্তা ঝুঁকি গ্রহণ করেন খ) ব্যবসায় পরিকল্পনা প্রণয়ন করেন

গ) ব্যবসায় পরিচালনা করেন ঘ) নতুন বাজার সৃষ্টি করেন

* নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:

বি.এ পাশ বেকার যুবক জামিল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে ২০১৫ সালে টি.ভি, ফ্রিজ মেরামতের দোকান দেন। ভাল কাজ ও ব্যবহারের কারনে গ্রাহকদের সাথে তার সুসম্পর্ক গড়ে উঠে। ইতোমধ্যে দায়-দেনা পরিশোধের পর তার ৫০,০০০/- লাভ হয়।

১১। জামিলের কাজটিকে কী বলা যায়?

ক) শিল্পোদ্যোগ খ) আত্মকর্মসংস্থান গ) দাতব্য কাজ ঘ) সমাজকর্ম

১২। জামিলের কর্মকান্ডের ফলে-

i. বেকার সমস্যা হ্রাস পায় ii. আয় বৈষম্য হ্রাস পায়

iii. সহজে ধনী হওয়া যায়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩। ব্যবসায়ের দৃষ্টিকোণ থেকে বীমার গুরুত্ব হল-

i. সম্পদের সুরক্ষা ii. সঞ্চয় বৃদ্ধি iii. ক্ষতিপূরণের নিশ্চয়তা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪। WTO এর প্রধান অফিস কোথায় অবস্থিত?

ক) নিউইয়র্ক খ) লন্ডন গ) টোকিও ঘ) জেনেভা

১৫। BGMEA কাদের সংগঠন?

ক) বস্ত্র প্রস্তুতকারক খ) পোশাক প্রস্তুতকারক

গ) পোশাক প্রস্তুতকারণ ও রপ্তানীকারক ঘ) বস্ত্র প্রস্তুতকারক ও রপ্তানীকারক

১৬। সমন্বয়ের গুরুত্বপূর্ণ নীতি হল-

i. প্রারম্ভে শুরু ii. উদ্দেশ্যের শুরু iii. নিরবিচ্ছিন্নতা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

* নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও:

ফাতেমা বেগম একটি গার্মেন্ট ফ্যাক্টরীতে অপারেটর হিসেবে কাজ করেন। এজন্য তিনি মাসিক বেতন পান যা দিয়ে তাঁর অন্ন ও বস্ত্রের সংস্থান হয়। এছাড়াও তিনি বাড়ী ভাড়া ও যাতায়াত ভাতা পান। কিন্তু তাঁর চাকরী অস্থায়ী হওয়ায় তিনি দুশ্চিন্তাগ্রস্থ।

১৭। ফাতেমা কর্তৃক প্রাপ্ত সুবিধা মাসলোর চাহিদা সোপান তত্ত্বে কোন চাহিদা পূরণ করে?

ক) নিরাপত্তা খ) জৈবিক গ) সামাজিক ঘ) আত্মতৃপ্তি

১৮। মাসলোর চাহিদা সোপান তত্ত্বের পরবর্তী স্তরে পৌঁছুতে গার্মেন্টস ফ্যাক্টরী কর্তৃপক্ষের করণীয় কী?

ক) বেতন বৃদ্ধি খ) যাতায়াত ভাতা বৃদ্ধি

গ) বাড়ী ভাড়া বৃদ্ধি খ) চাকরী স্থায়ীকরণ

১৯। হার্জবাগের দ্বি-উপাদান তত্ত্বের প্রোষণামূলক উপাদান হল-

i. বেতন ii. সাফল্য iii. স্বীকৃতি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০। যোগাযোগ প্রক্রিয়ার প্রথম উপাদন কোনটি?

ক) সংবাদ খ) প্রেরক গ) প্রাপক ঘ) মাধ্যম

২১। কলেজের ঘন্টা বাজানোর শব্দ কোন ধরনের যোগাযোগ?

ক) বাহ্যিক খ) শাব্দিক গ) শব্দ-বহির্ভূত ঘ) অনানুষ্ঠানিক

* নিচের উদ্দীপকটি পড় এবং ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও:

জনাব তছলিম ঢাকার মতিঝিলে প্রধান কার্যালয়ে বসে আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহার করে সাভার, চট্টগ্রাম, নারায়ণগঞ্জে অবস্থিত গার্মেন্টস কারখানাগুলি পরিচালনা করেন। গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের সময় তিনি তথ্য প্রযুক্তির সাহায্যে গার্মেন্টসমূহের উর্ধ্বতন নির্বাহীদের সাথে একত্রে আলোচনায় বসে সিদ্ধান্ত গ্রহণ করেন।

২২। উদ্দীপকে বর্ণিত আলোচনার ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ যোগাযোগ প্রযুক্তি মাধ্যম কী হতে পারে?

ক) মাল্টিমিডিয়া খ) ইন্টারনেট গ) অডিও কনফারেন্সিং ঘ) ভিডিও কনফারেন্সিং

২৩। উপর্যুক্ত প্রযুক্তি মাধ্যম ব্যবহারে সুবিধা হল-

i. চুত সিদ্ধান্ত গ্রহণ ii. যোগাযোগ ব্যয়হ্রাস

iii. অধিক পরিমাণে তথ্য প্রেরণ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪। প্রাপক কর্তৃক সংবাদের প্রতিক্রিয়াকে কী বলে?

ক) ভাষণ খ) ফলাবর্তন গ) অবহিতকরণ ঘ) অনুভূতি

২৫। নিম্নের কোন ব্যবস্থাপনা কার্যটি কর্মীদের কর্মস্পৃহা বাড়াতে সহায়তা করে?

ক) প্রশিক্ষণ খ) যোগাযোগ গ) পরিকল্পনা ঘ) প্রেষণা

২৬। বিভিন্ন ব্যক্তি ও বিভাগের কাজকে একসূত্রে গ্রথিত করার কাজকে কী বলে?

ক) নির্দেশনা খ) নেতৃত্ব গ) সমন্বয় ঘ) পরিকল্পনা

* নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও:

জনাব তামিমের প্রতিষ্ঠানে উৎপাদন বিভাগ যথেষ্ট উৎপাদন করলেও বিক্রয় বিভাগ পিছিয়ে পড়ছে। মজুত পণ্য জমে যাওয়ায় অর্থ বিভাগ আর্থিক সংকটে পড়েছে। সমস্যা উত্তরণে জনাব তামিম প্রয়োজনীয় কর্মকৌশল নির্ধারণের চেষ্টা করছেন।

২৭। ব্যবস্থানের কোন কাজটি যথাযথভাবে সম্পন্ন না হওয়ায় জনাব তামিমের প্রতিষ্ঠানে সমস্যা দেখা দিয়েছে?

ক) পরিকল্পনা খ) সংগঠন গ) সমন্বয় ঘ) নিয়ন্ত্রণ

২৮। সমস্যা উত্তরণে জনাব তামিমের কর্মকৌশল হতে পারে-

i. সমন্বিত লক্ষ্য নির্ধারণ ii. বিভাগীয় পরিকল্পনার সংগতি স্থাপন

iii. উৎপাদন বন্ধ করে বিক্রয় বৃদ্ধির চেষ্টা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৯। সমন্বয়ের প্রধান উদ্দেশ্য কোনটি?

ক) দলীয় ঐক্য বৃদ্ধি খ) মুনাফা বৃদ্ধি গ) উৎপাদন বৃদ্ধি ঘ) জবাবদিহিতা বৃদ্ধি

৩০। নিচের কোনটি প্রেষণার অনার্থিক উপাদান?

ক) সুষ্ঠু কর্ম পরিবেশ খ) পদোন্নতি গ) চিকিৎসা সুবিধা ঘ) মুনাফার অংশ

সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

দ্বাদশ শ্রেণির প্রাক-নির্বাচনী পরীক্ষা-২০২০

বিষয়: পদার্থবিজ্ঞান

সময়: ২ ঘন্টা ৩৫ মিনিট　　　সৃজনশীল প্রশ্ন　　　পূর্ণমান: ৫০

[দ্রষ্টব্য: ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলোর মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

১।নিচেরবর্তনীচিত্রটিলক্ষ্য কর:



ক) 1A তড়িৎ প্রবাহ মাত্রা কাকে বলে? ১

খ) বিদ্যুৎ প্রবাহের ফলে পরিবাহীতে তাপ উৎপন্ন হওয়ার কারণ ব্যাখ্যা কর। ২

গ) A বিন্দুতে বর্তনীর প্রবাহ মাত্রা নির্ণয় কর। ৩

ঘ) কোন রোধটি অপসারণ করলে বর্তনীর মোট প্রবাহ সর্বোচ্চ হবে? গাণিতিকভাবে দেখাও। ৪

২। নিচের উদ্দীপকটি লক্ষ্য কর:



ক) কার্সফের প্রথম সূত্রটি বর্ণনা কর। ১

খ) তড়িচ্চালক শক্তি বলতে কীবুঝ? ব্যাখ্যা কর। ২

গ) প্রথম বাহুতে কত রোধ কীভাবে যোগ করলে ব্রীজটি সাম্যবস্থায় থাকবে? ৩

ঘ) সাম্যাবস্থায় দ্বিতীয় ও চতুর্থ বাহুর মধ্যে দিয়ে তড়িৎ প্রবাহ মাত্রার অনুপাত কত হবে? ৪

৩। একটি কাচ প্রিজমের উপাদানের প্রতিসরাঙ্ক 1.5এবং প্রিজম কোণ 40^{o}।

ক) প্রতিসরাঙ্ক কাকে বলে? ১

খ) ফার্মাটের নীতি ব্যাখ্যা কর। ২

গ) প্রিজমটির ন্যূনতম বিচ্যুতি কোণের মান কত হবে বের কর। ৩

ঘ) প্রিজমটিতে আপতন কোণের মান 0^{o} হলে প্রিজমটিতে নির্গমন কোণ ও বিচ্যুতি কোণের মধ্যে কোনটি বড় বা ছোট নির্ণয় কর। ৪

৪। একজন শিক্ষার্থী একটি সরু চির হতে 1m দূরত্বে একটি পর্দা স্থাপন করে চিরটিকে তরঙ্গদৈর্ঘ্য আলো দ্বারা আলোকিত করে দেখলো কেন্দ্রীয় চরমের উভয় পার্শ্বে প্রথম অবমের দূরত্ব । শিক্ষার্থীটি দ্বিতীয় চরমের জন্য অপবর্তন কোন নির্ণয় করল।

ক) আলোর অপবর্তন কী? ১

খ) সূর্যোদয় ও সূর্যাস্তের সময় আকাশ লাল দেখায় কেনো? ২

গ) চিরের প্রস্থ নির্ণয় কর। ৩

ঘ) শিক্ষার্থী কর্তৃক পরিমাপকৃত উভয় অবমের জন্য কৌণিক ব্যবধান কিরূপ হবে–বিশ্লেষণ কর। ৪

৫। একটি উত্তোল লেন্সের লেন্সের বক্রতার ব্যাসার্ধদ্বয় 5cmএবং উপাদানের প্রতিসরাঙ্ক 1.5। উক্ত লেন্সটি একটি যৌগিক অনুবীক্ষণ যন্ত্রের অভিনেত্রে স্থাপনকরে 5cm ফোকাস দূরত্বের লেন্স অভিলক্ষ্যে স্থাপন করলে যন্ত্রে 300 গুণ বিবর্ধন বিম্ব পাওয়া সম্ভব।

ক) লেন্সের ক্ষমতার একক Dioptre-এর সংজ্ঞা দাও। ১

খ) দূরে অবস্থিত গাছপালা ছোট দেখায় কেন? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে উল্লিখিত অভিনেত্রের লেন্সটির ফোকাস দূরত্ব কত? ৩

ঘ)অনুবীক্ষণ যন্ত্রের অভিলক্ষ্য হতে বাস্তব বিম্বের দূরত্ব কত হলে উদ্দীপকে উল্লিখিত বিবর্ধনের সঠিক মান পাওয়া সম্ভব–গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৬। নিচের চিত্রে ABC কাচ প্রিজমের প্রধান ছেদ। এখানে । প্রিজমের উপাদানের প্রতিসরাঙ্ক 1.5 পানিরও প্রতিসরাঙ্ক 1.33।



ক) স্নেলের সূত্র বিবৃত কর। ১

খ) আলোক তরঙ্গের সমাবর্তন হয় কিন্তু শব্দ তরঙ্গের সমাবর্তন হয় না কেন? ব্যাখ্যা কর। ২

গ) প্রিজমটির ন্যূনতম বিচ্যুতি কোণ নির্ণয় কর। ৩

ঘ) উক্ত প্রিজমটিকে পানিতে ডোবানোর পর বিচ্যুতি কোণের কোনো পরিবর্তন হবে কিনা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৭।



উপরের চিত্রে সমান্তরাল 3m সমদৈর্ঘ্যের প্রবোহবাহী দুটি পরিবাহীর মধ্যবর্তী দূরত্ব 6cm। P বিন্দুটি তার দুটির মধ্যবিন্দুতে অবস্থিত।

ক) চৌম্বক ডোমেইন কী? ১

খ) ডায়া চৌম্বক ও প্যারা চৌম্বক পদার্থের দুটি করে উদাহরণ দাও। ২

গ) A তারের প্রতি একক দৈর্ঘ্যে চৌম্বক বলের মান কত? ৩

ঘ) B তারের প্রবাহ বিপরীতমুখী করলে P বিন্দুতে চৌম্বক ক্ষেত্রের পরিবর্তন হবে কী? ৪

৮। একটি ট্রান্সফর্মারে 200V সরবরাহ করায় 2000V পাওয়া গেল। ট্রান্সফর্মারের মুখ্য কুন্ডলীর পাক সংখ্যা 300 ও রোধ ।

ক) 1 henry-এর সংজ্ঞা দাও। ১

খ) একমুখী প্রবাহ ও দিক পরিবর্তী প্রবাহের মধ্যে পার্থক্য লিখ। ২

গ) গৌণ কুন্ডলীতে প্রবাহমাত্রা কত হবে? ৩

ঘ) মুখ্য কুন্ডলীটির রোধ 10 গুণ করা হলে গৌণ কুন্ডলীতে রোধের কীরূপ পরিবর্তন হবে? ৪

সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

দ্বাদশ শ্রেণির প্রাক-নির্বাচনী পরীক্ষা-২০২০

বিষয়: পদার্থবিজ্ঞান

সময়: ২৫ মিনিট   বহুনির্বাচনি প্রশ্ন   পূর্ণমান: ২৫

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। আপেক্ষিক রোধ নির্ভর করে-

i. পরিবাহীর উপাদানের উপর

ii. পরিবাহীর দৈর্ঘ্যের উপর

iii. তাপমাত্রার উপর

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

২। একটি হুইটস্টোন ব্রীজের প্রথম,দ্বিতীয় ও তৃতীয় বাহুতে যথাক্রমে ও রোধ যুক্ত করা আছে। চতুর্থ বাহুতে কত রোধ যুক্ত করলে ব্রীজটি সাম্যবস্থায় আসবে।

ক)   খ)   গ)   ঘ)

৩। মিটার ব্রীজ নিচের কোনটির ভিত্তিতে কাজ করে?

ক) অ্যামিনয়ারের সূত্র   খ) হুইটস্টোন ব্রীজ নীতি

গ) ফার্মাটের নীতি   ঘ) কার্সফের সূত্র

৪। নিচের কোনটির রোধের উষ্ণতা সহগ ঋণাত্মক?

ক) তামা   খ) পিতল   গ) অ্যালুমিনিয়াম   ঘ) সিলিকন

* নিচের বর্তনীটি লক্ষ কর এবং পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:



৫। বর্তনীরতুল্য রোধ কত?

ক)   খ)   গ)   ঘ)

৬। নিচের কোনটিসঠিক?

ক) $I > I_2 > I_1$ খ) $I_2 > I_1 > I$

গ) $I_1 > I > I_2$ ঘ) $I_1 > I_2 > I$

৭। দশা পার্থক্য পথ পার্থক্যের কতগুণ?

ক)   খ)   গ)   ঘ)

৮। নিচের কোনটি আলোর তরঙ্গধর্ম প্রকাশ করে না?

ক) ব্যতিচার   খ) অপবর্তন   গ) প্রতিসরণ   ঘ) আলোক তড়িৎ ক্রিয়া

৯। ও ভেক্টরদ্বয়ের প্রত্যেকে তড়িত চৌম্বক তরঙ্গের বেগের সাথে কত কোণে থাকে?

ক) 0^o খ) 60^o গ) 90^o ঘ) 120^o

১০। আলোর তরঙ্গ দৈর্ঘ্যের সাথে প্রতিসরাঙ্কের লেখচিত্র নিচের কোনটি?

ক)   খ)   গ)   ঘ)



১১। পুকুরের পানির ভেতরের মাছকে কিছুটা ওপর দেখা যাওয়ার কারণ আলোর নিচের কোন ঘটনাটি?

ক) প্রতিফলন   খ) প্রতিসরণ   গ) অপবর্তন   ঘ) সমবর্তন

১২। বায়ু সাপেক্ষে পানি ও কাচের প্রতিসরাঙ্ক এবং হলে কাচ সাপেক্ষে পানির প্রতিসরাঙ্ক কত হবে?

ক)   খ) 2   গ)   ঘ)

১৩। অবতল দর্পণের বক্রতার কেন্দ্রের বাহিরে লক্ষ্য বস্তু স্থাপন করলে প্রতিবিম্ব সর্বদা হবে-

ক) বাস্তব, সোজা ও খর্বিত　　খ) অবাস্তব, সোজা ও বিবর্ধিত

গ) অবাস্তব, উল্টা ও খর্বিত　　ঘ) বাস্তব, উল্টা ও খর্বিত

১৪। পানি ও কাচের প্রতিসরাঙ্ক যথাক্রমে 1.33 এবং 1.52 হলে কাচে আলোর দ্রুতি কত? দেয়া আছে, পানিতে আলোর দ্রুতি-

ক)　　খ)

গ)　　ঘ)

১৫। এক গাউসসমান কত টেসলা?

ক) 10^{-2}　　খ) 10^{-3}　　গ) 10^{-4}　　ঘ) 10^{-6}

১৬। নিচের কোনটি চুম্বক দ্বারা সামান্য বিকর্ষিত হয়?

ক) নিকেল　　খ) বিসমাথ　　গ) পিতল　　ঘ) কোবাল্ট

১৭। শুন্য মাধ্যমে চৌম্বক প্রবেশ্যতা কত?

ক)　　খ)

গ)　　ঘ)

১৮। একটি দৈর্ঘ্যের তড়িৎবাহী তার একটি চৌম্বকক্ষেত্রে সাথে সমকোণে স্থাপিত হলে তারের উপর প্রযুক্তি বল ও দৈর্ঘ্যের লেখচিত্র কোনটিসঠিক?

ক)　　খ)　　গ)　　ঘ)



নিচের উদ্দীপকটি পড় ও পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:

3.14m লম্বা একটি সোজা তারের মধ্যে দিয়ে 4A তড়িৎ প্রবাহ চলছে।

১৯। তারটি থেকে 3 cm দূরে একটি ইলেকট্রন তারে সমান্তরালে কিন্তু প্রবাহের বিপরীত দিকে বেগে চলছে। ইলেকট্রনটি কত বল অনুভব করবে?

ক)　　খ)

গ)　　ঘ)

২০। তারটিকে 1 পাকের একটি বৃত্তাকার কুন্ডলীতে পরিণত করলে বৃত্তের কেন্দ্রে চৌম্বক আবেশের মান হবে-

ক)　　খ)

গ)　　ঘ)

২১। একটি কুন্ডলীতে তড়িৎ প্রবাহের ফলে সৃষ্ট চৌম্বক ফ্লাক্স ও তড়িৎ প্রবাহের সম্পর্ক নির্দেশক সঠিক লেখচিত্র কোনটি?

ক)　　খ)　　গ)　　ঘ)



২২। কোনো কুন্ডলীতে হারে তড়িৎ প্রবাহের পরিবর্তন করলে প্রত্যেক কুন্ডলীতে ফ্লাক্স উৎপন্ন হলে এর স্বকীয় আবেশ গুণাঙ্ক কত?

ক) 0.25 H　　খ) 1 H　　গ) 4 H　　ঘ) 10 H

২৩। দিকপরিবর্তীপ্রবাহেরকার্যকরমানও গড় মানেরসঠিকসম্পর্ক কোনটি?

ক)　　খ)　　গ)　　ঘ)

২৪। একটি দিক পরিবর্তী তড়িৎ প্রবাহের সমীকরণ, । প্রবাহটির গড় মান কত?

ক) 20 A　　খ) 25.48A　　গ) 28.28A　　ঘ) 40A

২৫। আপেক্ষিক বোধের একক কী?

ক)　　খ)　　গ)　　ঘ)

সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

দ্বাদশ শ্রেণির প্রাক-নির্বাচনী পরীক্ষা-২০২০

বিষয়: পৌরনীতি ও সুশাসন

সময়: ২ ঘন্টা ৩০ মিনিট   <u>সৃজনশীল প্রশ্ন</u>   পূর্ণমান: ৭০

[**দ্রষ্টব্য:** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলোর মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোন সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। সম্প্রতি 'ক' রাষ্ট্রে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হয়। রাজনৈতিক দলসমূহ নির্বাচনী ফলাফলকে মেনে নেয় এবং বিজিত রাজনৈতিক দলসমূহ বিজয়ী রাজনৈতিক জোটকে অভিনন্দন জানায়। রাষ্ট্রপতি বিজয়ী দলকে সরকার গঠনের আহ্বান জানায়। নতুন সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানে সকলেই অংশগ্রহণ করেন।

ক) রাজনৈতিক দল কী? ১

খ) জনমত বলতে কী বোঝ? ২

গ) উদ্দীপকে বর্ণিত 'ক' রাষ্ট্রে কোন ধরনের সরকার ব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত 'ক' রাষ্ট্রের রাজনেতিক দলসমূহের আচরণকে তুমি কীভাবে মূল্যায়ন করবে? ৪

২। আধুনিক গণতান্ত্রিক রাজনৈতিক ব্যবস্থায় জনগণ, তাদের স্বার্থ সম্পর্কে চিন্তিত নয়। কারণ তারা জানে তাদের পক্ষে তাদের স্বার্থগুলো নিয়ে কিছু সংগঠন খুবই তৎপর। তাদের প্রধান লক্ষ্যই নির্বাচিত হয়ে জনকল্যাণ সাধন।

ক) নেতৃত্ব কী? ১

খ) বহুদলীয় ব্যবস্থা বলতে কী বোঝ? ২

গ) উদ্দীপকের আলোকে উল্লিখিত সংগঠনটির সাথে তোমার পাঠ্যবইয়ের কোন সংগঠনের মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) গণতন্ত্র প্রতিষ্ঠায় সংগঠনটির ভূমিকা মূল্যায়ন কর। ৪

৩। ছকটি দেখ এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:



ক) সরকার কাকে বলে? ১

খ) দায়িত্বশীল সরকার বলতে কি বোঝ? ২

গ) উদ্দীপকে বর্ণিত 'ক' সরকারের সাথে 'খ' সরকারের পার্থক্য নির্দেশ কর। ৩

ঘ)বাংলাদেশের জন্য তুমি 'ক' অথবা 'খ' কোন ধরনের সরকারকে উপযোগী বলে মনে কর? কেন?৪

৪। স্বপন ও তপন সরকারের বিভিন্ন বিভাগের ক্ষমতা নিয়ে আলোচনা করছিল। স্বপন বলল, "আইনসভা আইন প্রণয়ন করলেও তা বাস্তবায়ন করে অন্য এক বিভাগ।" বিভাগটি অন্য দুটি হতে বেশি গুরুত্বপূর্ণ। সরকার বলতে আমরা সাধারণত উক্ত বিভাগকেই বুঝে থাকি।

ক) জবাবদিহিতা কী? ১

খ) 'লাল ফিতার দৌরাত্ম' বলতে কী বোঝ? ২

গ) উদ্দীপকে স্বপনের বক্তব্যে যে বিভাগের ইঙ্গিত আছে সে সম্পর্কে আলোচনা কর। ৩

ঘ) তুমি কি মনে কর উক্ত বিভাগের কাজ দিন দিন বৃদ্ধি পাচ্ছে? মূল্যায়ন কর। ৪

৫। হাসান ও জাহিদ দেশের যুব সম্প্রদায়ের মধ্যে মাদকদ্রব্য ব্যবহারের ক্রমাগত বৃদ্ধি ও ক্ষতিকর দিক নিয়ে আলোচনা করছিল। হাসান মনে করে মাদকের অপব্যবহার বন্ধে শুধু সরকার ও আইনই যথেষ্ট নয়। এ বিষয়ে দেশের যুব সম্প্রদায়কে সচেতন করা দরকার।

ক) জনমত কী? ১

খ) বিচার বিভাগের প্রধান কাজ কোনটি? ২

গ) সমাজে মাদকদ্রব্যের নেতিবাচক প্রভাব সম্পর্কে আলোচনা কর। ৩

ঘ) উদ্দীপকের হাসানের বক্তব্য কি তুমি সমর্থন কর? যুক্তি দাও। ৪

৬। 'ক' রাষ্ট্রের রাজনৈতিক ব্যবস্থার প্রতি জনগণ খুবই শ্রদ্ধাশীল। গণতান্ত্রিক উপায়ে রাজনৈতিক নেতৃত্ব নির্বাচিত হয়। সরকার জনগণের মতামত অনুযায়ী শৃঙ্খলভাবে দেশ শাসন করে।

ক) রাজনৈতিক সংস্কৃতি কী? ১

খ) চাপ সৃষ্টিকারী গোষ্ঠী বলতে কী বোঝ? ২

গ) 'ক' রাষ্ট্রের রাজনৈতিক প্রক্রিয়ায় কীসের প্রতিচ্ছবি দেখতে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'ক' রাষ্ট্রের রাজনৈতিক প্রক্রিয়ায় জনগণের ভূমিকা মূখ্য – বিশ্লেষণ কর। ৪

৭। মি. রাজীব বাংলাদেশের একটি সাংবিধানিক প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা। প্রতিষ্ঠানটি সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন পরিচালনার জন্য বিভিন্নভাবে কাজ করে থাকে। মি. রাজীব মনে করেন গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠায় তাঁর প্রতিষ্ঠানে ভূমিকা অপরিসীম।

ক) BPSC এর পূর্ণরূপ কী? ১

খ) উপজেলা পরিষদ কীভাবে গণিত হয়? ২

গ) মি রাজীব যে প্রতিষ্ঠানে কর্মরত তার গঠন ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের প্রতিষ্ঠানের সম্পর্কে মি. রাজীবের মন্তব্যটি সপক্ষে যুক্তি দেখাও। ৪

৮। জনাব চৌধুরী প্রথিতযশা আইনজীবী। সংবিধান ছাড়াও দেওয়ানি, ফৌজদারি আইন সম্পর্কে তাঁর ধারণা খুবই স্পষ্ট। আইনজীবী হিসাবে তাঁর সুখ্যাতির কথা বিবেচনায় এনে সরকার তাকে একটি সাংবিধানিক পদে নিয়োগ প্রদান করে। তিনি আইনি পরামর্শ ও সরকারের পক্ষে মামলায় মতামত দিয়ে থাকেন।

ক) সরকারি কর্মকমিশন কী? ১

খ) দুর্নীতি দমন কমিশনের গঠন সম্পর্কে লিখ। ২

গ) উদ্দীপকে বর্ণিত আইনজীবীর উক্ত সাংবিধানিক পদে নিয়োগের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৩

ঘ) আইনের শাসন প্রতিষ্ঠায় উদ্দীপকে উল্লিখিত ব্যক্তির ভূমিকা মূল্যায়ন কর। ৪

৯। 'ক' রাষ্ট্রে কেবল সর্বনিম্ন ২১ বছর বয়স্ক পুরুষ নাগরিকদের ভোটাধিকার রয়েছে। নাগরিকগণ প্রকাশ্য ভোটদানের মাধ্যমে প্রতিনিধিদের নির্বাচন করতে পারে। কিন্তু এ রাষ্ট্রে নাগরিকগণ নির্বাচন সম্পর্কে উদাসীন। বেশিরভাগ নাগরিক নির্বাচনে প্রচারণায় অংশগ্রহণ করেন এবং প্রার্থী সম্পর্কেও তারা ভালোভাবে অবগত হতে আগ্রহী নন।

ক) বাংলাদেশের প্রথম কত সালে সংসদ নির্বাচন হয়? ১

খ) ষষ্ঠ জাতীয় সংসদ নির্বাচনের ভোটার উপস্থিতি কম হওয়ার কারণ ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে বর্ণিত 'ক' রাষ্ট্রের সাথে বাংলাদেশের নির্বাচন সম্পর্কিত বিষয়গুলো অসামঞ্জস্যতা বর্ণনা কর। ৩

ঘ) উদ্দীপকের রাষ্ট্রের নাগরিকদের ভূমিকার যথার্থতা মূল্যায়ন কর। ৪

১০। শমির বয়স গত বছর ১৮ বছর পূর্ণ হয়েছে। এবার ভোটের তালিকায় তার নাম অন্তর্ভুক্ত করা হয়েছে। সে ভীষণ খুশি। কেননা আগামীতে যেকোনো নির্বাচনে সে ভোট প্রদান করতে পারবে এবং তার পছন্দের প্রার্থীকে বাছাই করতে পারবে। এজন্য সে এমন থেকে বাংলাদেশের নির্বাচনে ব্যবস্থা এবং নির্বাচনী আচরণবিধি সম্পর্কে জানার চেষ্টা করছে।

ক) বাংলাদেশের প্রথম জাতীয় সংসদ নির্বাচন কখন অনুষ্ঠিত হয়? ১

খ) বাংলাদেশের নির্বাচন ব্যবস্থায় দুটি বৈশিষ্ট্য আলোচনা কর। ২

গ) উদ্দীপকের বর্ণিত শমির ভোটাধিকার প্রাপ্তিতে বাংলাদেশের নির্বাচন ব্যবস্থার কোন বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেছে? ৩

ঘ) বাংলাদেশের নির্বাচন ব্যবস্থাকে সুষ্ঠু, অবাধ, নিরপেক্ষ করার জন্য ভূমি কোন কোন ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করবে? ৪

১১। সরকারের একটি সাংবিধানিক প্রতিষ্ঠান গত ৩০ ডিসেম্বর প্রথমবারের মতো দলীয় প্রতীকে ২৩৪টি পৌরসভার নির্বাচন অনুষ্ঠান করে। জনগণ ব্যাপক উৎসাহ উদ্দীপনার সঙ্গে নির্বাচনে অংশগ্রহণ করে। সরকারের প্রতিষ্ঠানটি প্রার্থীদের আচরণবিধি প্রণয়ন, প্রচার এবং কার্যকর করে।

ক) দুর্নীতি দমন কমিশনকে সংক্ষেপে কী বলা হয়? ১

খ) বাংলাদেশের প্রধান আইন কর্মকর্তার পদবী কী? তাঁর ক্ষমতা বর্ণনা কর। ২

গ) উদ্দীপকের কর্মকান্ডের সাথে রাষ্ট্রের কোন সাংবিধানিক প্রতিষ্ঠান সম্পৃক্ত? তাঁর গঠন বর্ণনা কর।৩

ঘ) গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠায় উক্ত প্রতিষ্ঠানের ভূমিকা আলোচনা কর। ৪

সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

দ্বাদশ শ্রেণির প্রাক-নির্বাচনী পরীক্ষা-২০২০

বিষয়: পৌরনীতি ও সুশাসন

সময়: ৩০ মিনিট বহুনির্বাচনি প্রশ্ন পূর্ণমান: ৩০

১। জনগণ ও সরকারের মধ্যে সেতুবন্ধনের কাজ করে কোনটি?

ক) চাপ সৃষ্টিকারী গোষ্ঠী খ) রাজনৈতিক দল গ) সরকার ঘ) জনগণ

২। রাজনৈতিক দলের প্রধান উদ্দেশ্য কোনটি?

ক) জনগণ গঠন খ) কর্মসূচি প্রণয়ন

গ) সমস্যা নির্ধারণ ঘ) ক্ষমতায় আরোহণ করা

৩। রাজনৈতিক দলের কাজ হলো-

i. শ্রেণিস্বার্থ রক্ষা করা

ii. প্রার্থী মনোনয়ন করা iii. সরকার গঠন করা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪। বহুদলীয় ব্যবস্থা বিদ্যমান রয়েছে কোন্ দেশটিতে?

ক) যুক্তরাষ্ট্র খ) ভারত গ) চীন ঘ) যুক্তরাজ্য

৫। নেতৃত্বের ইংরেজি প্রতিশব্দ কোনটি?

ক) Leader খ) Leads গ) Leadership ঘ) Leaders

৬। সরকারের বিভাগ কোনটি?

ক) আইন বিভাগ খ) শাসন বিভাগ গ) বিচার বিভাগ ঘ) ক, খ ও গ

৭। গ্রিক শব্দ Demos-এর অর্থ কী?

ক) শাসন খ) ক্ষমতা খ) জনগণ ঘ) গণতন্ত্র

৮। হিটলার কোন দেশের একনায়ক ছিলেন?

ক) ইতালি খ) জার্মানি গ) স্পেন ঘ) পাকিস্তান

৯। সংসদীয় গণতন্ত্র প্রথম চালু হয় কোন দেশে?

ক) মার্কিন যুক্তরাষ্ট্র খ) জাপান গ) ইংল্যান্ড ঘ) জার্মানি

১০। বাংলাদেশের আইনসভার নাম কী?

ক) পার্লামেন্ট খ) সিনেট গ) সংগ্রেস ঘ) জাতীয় সংসদ

১১। The Spirit of Laws গ্রন্থখানি কাঁর লেখা?

ক) এরিস্টটল খ) জন অস্টিন গ) মন্টেস্কু ঘ) ব্লাকস্টোন

১২। আইনসভার প্রথম কক্ষকে কী বলে?

ক) উচ্চকক্ষ খ) নিম্নকক্ষ গ) উচ্চ আদালত ঘ) নিম্ন আদালত

১৩। 'ক' রাষ্ট্রের সরকার ব্যবস্থায় নিশ্চিত হবে-

i. জবাবদিহিতা ii. ক্ষমতার স্বতন্ত্রীকরণ

iii. বিরোধী দলের মর্যাদা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৪। সুপ্রিম কোর্টের কয়টি বিভাগ রয়েছে?

ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

১৫। কোন রাষ্ট্রে এ ধরনের ব্যবস্থা বিদ্যমান?

ক) USA খ) বাংলাদেশ গ) ভারত ঘ) ব্রিটেন

১৬। জনমতের বাহন কোনটি?

ক) জনগণ খ) সংবাদপত্র গ) কম্পিউটার ঘ) মাল্টিমিডিয়া

১৭। 'Voice of the people is the voice of God'-উক্তিটি কে করেছেন?

ক) রুশো খ) মন্টেস্কু গ) আব্রাহাম লিংকন ঘ) গার্নার

১৮। জনমত গঠনের বাহন হলো-

i. পরিবার ii. আমলাতন্ত্র iii. রাজনৈতিক দল

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৯। মনোভাব, বিশ্বাস, অনুভূতি ও মূল্যবোধের সমষ্টি কী?

ক) গণতন্ত্র খ) জনমত গ) রাজনৈতিক সংস্কৃতি ঘ) রাজনৈতিক বিশ্বাস

২০। বাংলাদেশের সাংবিধানিক প্রতিষ্ঠান কয়টি?

ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

২১। বাংলাদেশের সরকারি কর্মকমিশনের সদস্যদের কে নিয়োগ দান করেন?

ক) রাষ্ট্রপতি খ) প্রধানমন্ত্রী গ) স্পিকার ঘ) আইনমন্ত্রী

২২। বাংলাদেশের সর্বোচ্চ আইন কর্মকর্তা কে?

ক) আইনমন্ত্রী খ) অ্যাটর্নি জেনারেল গ) প্রধান বিচারপতি ঘ) স্পিকার

২৩। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কে নিয়োগ করেন?

ক) রাষ্ট্রপতি খ) প্রধানমন্ত্রী গ) স্পিকার ঘ) অর্থমন্ত্রী

২৪। নবম জাতীয় সংসদ নির্বাচনে মহাজোট কতটি আসন লাভ করে?

ক) ২৩০ খ) ২৬০ গ) ২৬১ ঘ) ২৬২

২৫। দশম জাতীয় সংসদ নির্বাচনে অনুষ্ঠিত হয় কখন বা কোন সালের কত তারিখে?

ক) ৪ জানুয়ারি ২০১৪ খ) ৫ জানুয়ারি ২০১৪

গ) ৬ জানুয়ারি ২০১৪ ঘ) ৭ জানুয়ারি ২০১৪

২৬। বাংলাদেশের অষ্টম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় কত সালে?

ক) ১৯৭৯ খ) ১৯৮৬ গ) ১৯৮৮ ঘ) ২০০১

২৭। কত বছর বয়স হলে জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হওয়া যায়?

ক) ১৮ খ) ২১ গ) ২৫ ঘ) ৩৫

২৮। বাংলাদেশে এ পর্যন্ত কতবার জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে?

ক) ৮ খ) ৯ গ) ১০ ঘ) ১১

২৯। স্বাধীন বাংলাদেশে প্রথম গণভোট হয় কত সালে?

ক) ১৯৭৬ খ) ১৯৭৭ গ) ১৯৭৮ ঘ) ১৯৭৯

৩০। দশম জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ কয়টি আসন লাভ করে?

ক) ২৩১টি খ) ২৩২টি গ) ২৩৩টি ঘ) ২৩৪টি